



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ-১

ফোন : ৯৫৫০৪০৩
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
৯৫৬০০২৪-২৫
৯৫৬০০৩১-৩৫
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬১২১১

সার্কুলার লেটার নং-একা /ক্রেঃ বিঃ-১/১(১৩)(বিবিধ) /২০১৮-১৯/ ২০১(১২৫০)

তারিখঃ ১৮/০৯/২০১৮

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয় সমূহ
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। সকল উপ-মহাব্যবস্থাপক / বিভাগীয় প্রধান, প্রধান কার্যালয়, ঢাকা
০৪। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৫। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৬। সকল শাখা ব্যবস্থাপক
(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : মাঠ পর্যায়ে ঋণ প্রবাহ বৃদ্ধির জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। মাঠ পর্যায়ে ঋণ প্রবাহ বৃদ্ধির জন্য সার্বিক ঋণ নীতিমালা পর্যালোচনাপূর্বক বিদ্যমান ঋণ নিয়মাচার আরো সহজীকরণ এবং নতুন ঋণ প্রোডাক্টের নিয়মাচার প্রস্তুতকরণ করে প্রধান কার্যালয় হতে বিভিন্ন সময়ে নিম্নবর্ণিত পত্র/পরিপত্র জারী করা হয়েছে :

ক্রম নং	পরিপত্র/পত্রের বিষয়বস্তু	পরিপত্র নং	গুরুত্ব পূর্ণ বৈশিষ্ট্য
০১।	গরু মোটাজাকরণের জন্য ঋণ প্রদানের নীতিমালা ও নিয়মাচার।	পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ০১/২০১৮ তারিখঃ ০১/০১/২০১৮	বিদ্যমান ঋণের নর্মস (ঋণের সিলিং) বৃদ্ধি ; বিদ্যমান ঋণের মঞ্জুরি ক্ষমতা বৃদ্ধি;এ খাতে ২.০০ লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন ঋণ প্রদানের নতুন নিয়মাচার অন্তর্ভুক্তকরণ;
০২।	মৎস্য চাষের ঋণ নীতিমালা ও নিয়মাচার।	পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ০২/২০১৮ তারিখঃ ০১/০১/২০১৮	ব্যাংক কর্তৃক নির্ধারিত হারের পরিবর্তে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত হারে ঋণ মঞ্জুর;এ খাতে জামানতবিহীন ঋণ প্রদানের বিদ্যমান সর্বোচ্চ সিলিং ১.৫০ লক্ষ টাকা হতে ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত উন্নীত করে প্রদানের নিয়মাচার অন্তর্ভুক্তকরণ;বল্ল মেয়াদি মৎস্য চাষ খাতে বিদ্যমান ২টি পরিপত্রের পরিবর্তে একক পরিপত্র জারীকরণ;
০৩।	ব্যাংকের ঋণের বিপরীতে জামানতি সম্পত্তির মূল্য নির্ধারণ পদ্ধতি	পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ০৩/২০১৮ তারিখঃ ০১/০১/২০১৮	বিদ্যমান ৩টি পরিপত্র বাতিল করে একক পরিপত্র জারী;১.০০ কোটি তদুর্ধ্ব ঋণের ক্ষেত্রে প্রযোজ্য কমিটির পরিবর্তে সকল পর্যায়ে কমিটি গঠনের প্রস্তাব; কমিটি গঠনে নিরীক্ষা বিভাগের প্রতিনিধি সম্পৃক্তকরণ;
০৪।	গাভী পালন ঋণ প্রদানের নীতিমালা ও নিয়মাচার।	পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ০৪/২০১৮ তারিখঃ ০১/০১/২০১৮	এ খাতে ২.০০ লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন ঋণ প্রদানের নতুন নিয়মাচার অন্তর্ভুক্তকরণ;
০৫।	পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) স্কীম সংক্রান্ত নীতিমালা	পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ০৫/২০১৮ তারিখঃ ২১/০১/২০১৮	নতুন ঋণ প্রোডাক্ট
০৬।	শাখা ব্যবস্থাপকদের ব্যবসায়িক ও ঋণ নবায়ন ক্ষমতা বৃদ্ধি	পসবি ০১/২০১৮ তারিখঃ ০৩/০১/২০১৮	৭ টি খাতে শাখা ব্যবস্থাপকদের মঞ্জুরি ক্ষমতা বৃদ্ধি ও ঋণ নবায়ন ক্ষমতা এক ধাপ নীচের কর্তৃপক্ষের উপর অর্পন
০৭।	ক্রেডিট কার্ড নীতিমালা	আইসিটি মহাবিভাগ ০১/২০১৮ তারিখঃ ১৭/০১/২০১৮	নতুন প্রোডাক্ট

চলমান পাতা-০২

ক্রম নং	পরিপত্র/পত্রের বিষয়বস্তু	পরিপত্র নং	গুরুত্ব পূর্ণ বৈশিষ্ট্য
০৮।	চলতি মূলধন / নগদ ঋণ / চলমান ঋণ নবায়নের ক্ষেত্রে বিদ্যমান প্রক্রিয়াকরণ ফি রহিতকরণ	ক্রেডিট বিভাগ-১ এর ০১/০১/২০১৮ তারিখের পত্র নং ৩৩৪	চলতি মূলধন/নগদ ঋণ/চলমান ঋণ নবায়নের ক্ষেত্রে বিদ্যমান প্রক্রিয়াকরণ ফি ঋণাংকের উপর বর্তমান ০.২০% সম্পূর্ণ প্রত্যাহার করে ০% হারে নির্ধারণ;
০৯।	ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণের স্বচ্ছতা ও দ্রুততা নিশ্চিত করার স্বার্থে ব্যাংক কর্তৃক গ্রাহকের ঋণ প্রস্তাব নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন নিশ্চিতকরণ	ক্রেডিট বিভাগ-১ এর ০১/০১/২০১৮ তারিখের পত্র নং ৩৩৫	শাখা কর্তৃক গ্রাহকের ঋণ প্রস্তাব সংশ্লিষ্ট সকল কাগজপত্রাদি যথাযথভাবে দাখিল করার পরই আনুষ্ঠানিক আবেদন গ্রহণ সংক্রান্ত;
১০।	লেয়ার মুরগি পালন ঋণ (মেয়াদি/ চলতি মূলধন) সংক্রান্ত নীতিমালা	পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ১৭/২০১৮ তারিখঃ ২৬/০৮/২০১৮	ব্যাংক কর্তৃক নির্ধারিত হারের পরিবর্তে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত হারে ঋণ মঞ্জুর; ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ প্রদানের ক্ষেত্রে সহায়ক জামানত গ্রহণ ব্যতিরেকে অন্যান্য সকল নিয়মাবলী পরিপালনের শর্তে ঋণ প্রদান নিয়মাচার অন্তর্ভুক্তকরণ; লেয়ার মুরগি পালন খাতে মেয়াদি/ চলমান ঋণ আকারে প্রদান করে ঋণ প্রবাহ বৃদ্ধি;
১১।	ব্রয়লার মুরগি পালন ঋণ (চলতি মূলধন) সংক্রান্ত নীতিমালা	পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ১৮/২০১৮ তারিখঃ ২৬/০৮/২০১৮	ব্যাংক কর্তৃক নির্ধারিত হারের পরিবর্তে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত হারে ঋণ মঞ্জুর; ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ প্রদানের ক্ষেত্রে সহায়ক জামানত গ্রহণ ব্যতিরেকে অন্যান্য সকল নিয়মাবলী পরিপালনের শর্তে ঋণ প্রদান নিয়মাচার অন্তর্ভুক্তকরণ; চলমান ঋণ আকারে প্রদান করে ঋণ প্রবাহ বৃদ্ধি;
১২।	কাঁকড়া চাষ ঋণ (চলতি মূলধন) সংক্রান্ত নীতিমালা	পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ১৯/২০১৮ তারিখঃ ২৬/০৮/২০১৮	নতুন ঋণ প্রোডাক্ট
১৩।	বাগদা চিংড়ি চাষ ঋণ (স্বল্প মেয়াদি / চলতি মূলধন) সংক্রান্ত নীতিমালা	পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ২০/২০১৮ তারিখঃ ২৬/০৮/২০১৮	ব্যাংক কর্তৃক নির্ধারিত হারের পরিবর্তে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত হারে ঋণ মঞ্জুর; ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণের জন্য সহায়ক জামানত গ্রহণ বাধ্যতা মূলক হবে না মর্মে নিয়মাচার অন্তর্ভুক্তকরণ; বাগদা চিংড়ি চাষ খাতে স্বল্প মেয়াদি/ চলমান ঋণ আকারে প্রদান করে ঋণ প্রবাহ বৃদ্ধি;
১৪।	পরিদর্শকদের ঋণ সুপারিশ করার ক্ষমতা বৃদ্ধি ১.০০ লক্ষ হতে ৩.০০ লক্ষ টাকায় উন্নীতকরণ	পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ২১/২০১৮ তারিখঃ ২৬/০৮/২০১৮	পরিদর্শকদের ঋণ সুপারিশ করার ক্ষমতা বৃদ্ধি

০৩। জারীকৃত পরিপত্র সমূহ যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে গুনগত মানসম্পন্ন নতুন ঋণ বিতরণ করতে হবে। এ লক্ষ্যে মার্চ পর্যায়/ শাখায় কর্মরত জনশক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণপূর্বক ঋণ প্রবাহ বৃদ্ধির কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। উল্লেখ্য যে চলতি অর্থবছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১২৫০০ কোটি টাকা। নতুন ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা সংখ্যায় ৩,৩৩,৫০০ টি। সঠিক কলা কৌশলের মাধ্যমে উক্ত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করে বছর শেষে ব্যাংকের ঋণ স্থিতি ২৪ হাজার কোটি টাকায় উন্নীত করার প্রচেষ্টা গ্রহণ করতে হবে। ইতোমধ্যে ঋণের সুদ উল্লেখযোগ্য হারে হ্রাস করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, জারীকৃত পরিপত্রের নির্দেশনাসহ ব্যাংকের প্রচলিত বিধি বিধান অনুসরণপূর্বক ঋণ প্রবাহ বৃদ্ধি করার মাধ্যমে ২০১৮-২০১৯ অর্থ বছরের নির্ধারিত ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, ঋণ বিতরণ কার্যক্রমের অগ্রগতি প্রধান কার্যালয় হতে নিয়মিত মনিটরিং করা হচ্ছে। শাখার ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে কর্মকর্তা/কর্মচারীগণের জবাবদিহীতা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে পরামর্শ দেয়া হলো।

আপনার বিশ্বস্ত
(ড. লিয়াকত হোসেন মোড়ল)
উপ-ব্যবস্থাপনা পরিচালক

নং-প্রকা/ক্রঃ বিঃ-১/১(১৩)(বিবিধ)/২০১৮-১৯/২০১ (১২৫০)

তারিখঃ - ঐ -

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
উপরোক্ত সার্বস্বলার লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি / মহানথি।

(মনির উদ্দিন)
উপ- মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫০৪০৩